

লিথিয়াম-আয়ন ব্যাটারি এবং

মাইক্রোমোবিলিটি ডিভাইস:

খুচরা বিক্রেতা এবং গ্রাহকদের জন্য

নিরাপত্তামূলক পরামর্শ

লিথিয়াম-আয়ন ব্যাটারি বিভিন্ন ডিভাইসে ব্যবহৃত হয়, সাধারণত সেল ফোন, ল্যাপটপ, ট্যাবলেট, পাওয়ার টুলস, ইলেকট্রিক যানবহন এবং **ই-বাইক এবং ই-স্কুটার সহ মাইক্রোমোবিলিটি ডিভাইসে।**

লিথিয়াম-আয়ন ব্যাটারিতে প্রচুর পরিমাণ এনার্জি মজুত থাকে। ঠিকভাবে দেখাশোনা না করলে, গুরুতর নিরাপত্তাজনিত বিপদের সৃষ্টি হতে পারে।

✓ কি করবেন

- যতটা সম্ভব আপনার ডিভাইস বাইরে রাখবেন বা চার্জ **করবেন।**
- ডিভাইস প্রস্তুতকারকের চার্জিং এবং স্টোরেজের নির্দেশাবলী অনুসরণ **করবেন।** ডিভাইসের জন্য বিশেষভাবে তৈরি করা প্রস্তুতকারকের কর্ড এবং পাওয়ার অ্যাডাপ্টারই ব্যবহার করুন।
- নতুন ব্যাটারি কেনার প্রয়োজন হলে শুধুমাত্র আপনার ডিভাইসের সাথে সঙ্গতিপূর্ণ প্রস্তুতকারকের ব্যাটারি ক্রয় **করবেন।**
- আপনার ডিভাইসের চার্জারটিকে সরাসরি একটি ওয়াল আউটলেটে প্লাগ **করবেন।**
- আগুন লাগতে পারে এমন জিনিসের থেকে দূরে ব্যাটারি রাখবেন এবং চার্জ **করবেন।**
- আপনার ব্যাটারির গন্ধ, আকার বা রঙের পরিবর্তন, লিক হওয়া বা অস্বাভাবিক শব্দ পর্যবেক্ষণ **করবেন।**
 - এই অবস্থাগুলির মধ্যে কোনটি লক্ষ্য করলে, অবিলম্বে ব্যবহার করা বন্ধ করুন।
 - যদি তা নিরাপদ হয়, তাহলে ডিভাইসটি এমন কোনও কিছুর থেকে দূরে সরিয়ে রাখুন যেটাতে আগুন লাগতে পারে।
 - 911 নম্বরে ফোন করুন।
- ব্যাটারিগুলিকে nyc.gov/dropspecialwaste -এ একটি বিশেষ বর্জ্য ড্রপ-অফ সাইটে নিয়ে গিয়ে রিসাইকেল **করবেন।** নিরাপদে নিষ্পত্তি করার নির্দেশাবলী এবং আপনার কাছাকাছি থাকা আরো নিষ্পত্তি করার বিকল্পের জন্য nyc.gov/batteries দেখুন।

✗ কি করবেন না

- আন্ডাররাইটার্স ল্যাবরেটরিজ (Underwriters Laboratories, UL)এর নিরাপত্তাজনিত মানদণ্ড প্রত্যয়িত না হলে ডিভাইস বা ব্যাটারি কেনা কেনাবেচা **করবেন না।** প্রয়োজনীয় নিরাপত্তাজনিত শংসাপত্র জারি করা স্বীকৃত ল্যাবরেটরিজের লোগো, চিহ্ন বা নাম দেখে নিন। স্বীকৃত টেস্টিং ল্যাবরেটরির তালিকা দেখতে nyc.gov/dcwp -এ যান।
- আপনার ডিভাইসের সাথে সঙ্গতিপূর্ণ ব্যাটারি ছাড়া অন্য কোনও বিকল্প ব্যাটারি খোঁজার চেষ্টা **করবেন না।**
- আপনার ডিভাইস অ্যাপার্টমেন্টের দরজা, শোবার ঘরের দরজা এবং জানালা সহ এক্সিট বা বের হওয়ার পথের কাছে চার্জ **করবেন না**, বিশেষত যেখানে ফায়ার এক্সেপ আছে এমন জানালার কাছে।
- শোবার ঘরে আপনার ডিভাইস চার্জ **করবেন না।**
- ফ্লোর ছাড়া অন্য কোনো পৃষ্ঠে আপনার ডিভাইস চার্জ **করবেন না।**
- আপনার ডিভাইস সরাসরি সূর্যের আলোতে রাখবেন না বা চার্জ **করবেন না।**
- এক্সটেনশন কর্ড দিয়ে আপনার ডিভাইস চার্জ **করবেন না।**
- আপনার ব্যাটারি অত্যধিক গরম বা ঠান্ডা তাপমাত্রায় রাখবেন না বা চার্জ **করবেন না।**

নিউ ইয়র্ক সিটিতে লিথিয়াম-আয়ন ব্যাটারির স্ট্যান্ডার্ড এবং প্রবিধান সম্পর্কে অধিক তথ্যের জন্য, nyc.gov/fdny/batteries -এ যান।



FDNY | NYC

Consumer and
Worker Protection

